

**2022**  
**BENGALI**  
**[HONOURS]**  
**Paper : VI**

Full Marks : 100

Time : 4 Hours

দক্ষিণ-প্রাতসু সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 5 = 5$ 

- ক) ‘... ধন্য সে সুখ চোর’ — কার উদ্দেশ্যে এই মন্তব্যটি এখানে করা হয়েছে?
- খ) ‘বীরঙ্গনা’ কাব্যটি কত সালে প্রকাশিত হয়?
- গ) 'Epic' শব্দটি কোন্ গ্রীক শব্দ থেকে এসেছে?
- ঘ) ‘দয়ার সাগর তুমি। করো দয়া মোরে’, — এখানে বক্তা কে?
- ঙ) গিরিদ্রমোহিনী দাসীর প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থের নাম লেখো।
- চ) ‘সোমের প্রতি তারা’ পত্রের তারা কে?
- ছ) ‘সনেট’ শব্দটি কীভাবে এসেছে?
- জ) “সেবিবে/দাসীভাবে পা দুখানি - এই লোভ মনে, —”  
উক্তিটির বক্তা কে?

[ পরের পাতায় ]

২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 10 = 20$ 

- ক) বাংলা ভাষায় রচিত একটি সাহিত্যিক মহাকাব্যের নাম ও সেই সঙ্গে কবির নামও উল্লেখ করো।
- খ) ‘প্রতি শনিবারই চিঠিতে প্রেয়সী গালি দেন ...’  
— উদ্বৃত অংশটিতে কার উদ্দেশ্যে এই গালিবর্ণ? কী বলে গালি দেওয়া হয়?
- গ) ‘কে জানে কোথায় শেষ মানব পরানে।’ উক্ত উদ্বৃত্তির মূল কবিতা ও কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।
- ঘ) ‘বীরঙ্গনা’ কাব্যটি কবি মধুসূদন দত্ত কাকে উৎসর্গ করেন?  
এই কাব্যে মোট কতগুলি পত্র আছে?
- ঙ) ‘যুগ যুগান্তের হতে তুমি শুধু বিশ্বের প্রেয়সী’ — উল্লিখিত অংশটি কোন্ কবিতার অংশ? কার সম্পর্কে এই মন্তব্যটি করা হয়েছে?
- চ) ‘তোমরা ভুলে যেওনা আমাকে’ — বক্তা কে? মূল কবিতার নাম লেখো।
- ছ) ‘তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা’ কবিতায় স্বাধীনতার জন্যে অপেক্ষারত যে কোনো দু'জনের নাম উল্লেখ করো।
- জ) ‘অশ্রুকণা’ কাব্যের প্রেম ও রোমান্টিক চেতনা সম্পর্কিত দু'টি কবিতার নাম লেখো।
- ঝ) ‘দারিদ্র কবিতাটির কবি কে? মূল কাব্যগ্রন্থটির নাম লেখো।

- এৱ) বাংলা সাহিত্যে ‘বীরাঙ্গনা’ কাব্যকে কেন অভিনব কাব্য  
বলা হয়ে থাকে?
- ট) তোমার পঠিত কোন কবিতায় কার সম্পর্কে বলা হয়েছে  
যে, ‘... সে কখনো শেখেনি বাঁচিতে?’
- ঠ) ক্লাসিসিজম বলতে কী বোঝ?
- ৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $6 \times 5 = 30$
- ক) ‘অন্তর্যামী’ কবিতায় কবির অন্তর্যামী কীভাবে ব্যক্তিগত  
জীবনে ও কাব্যে আশ্চর্য রহস্যের পরিমণ্ডল সৃষ্টি করে  
তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- খ) ‘দারিদ্র্য’ কবিতায় দারিদ্র্য কীভাবে কবিকে মহিমান্বিত  
করে তুলেছে তা মূল কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও।
- গ) যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো :
- মহাকাব্য, ক্লাসিসিজম, রোমান্টিসিজম
- ঘ) ‘স্তুর হইয়া বসিয়া রহিলু কি দিব জবাব আৱ’ — এখানে  
প্রশ্নটি কী তা উল্লেখ করে জবাবে কী বলা হয়েছে তা  
উল্লেখ করো।  $2+4=6$
- ঙ) “গাহি তাহাদের গান—” উদ্ভৃত অংশটির ব্যাখ্যা করো।
- চ) ‘অশ্রুকণা’ কাব্যটি প্রকাশের পর বাংলা সাহিত্য ও সমাজে  
যে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছিল সে সম্পর্কে তোমার  
মতামত সংক্ষেপে ব্যক্ত করো।
- ছ) যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো:
- চিত্রকলা, গীতিকাব্য, পত্রকাব্য
- জ) “সংসারে সন্ধ্যাসী লোকটা কিছুটা নিভীকই।” — কবিতায়  
উল্লিখিত সন্ধ্যাসী লোকটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :  $15 \times 3 = 45$
- ক) ‘সাম্যবাদী’ কবিতা অবলম্বনে কবির সমাজচিন্তার বিভিন্ন দিক  
সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো।
- খ) গীতিকবিতা বলতে কী বোঝ? গীতিকবিতার স্বরূপ ও  
বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।  $5+10=15$
- গ) ‘বীরাঙ্গনা’ কাব্যের নায়িকারা সত্যিই বীরাঙ্গনা কিনা  
আলোচনা করে এই কাব্যের নামকরণ কর্তৃখানি যুক্তিপূর্ণ  
হয়েছে তা তোমার পঠিত পত্র অবলম্বনে বিবৃত করো।  
 $7+8=15$
- ঘ) ‘তখনি যে বুঝি, সুখ কারে বলে — দুঃখের কিবা নাম,’ —  
মোহিতলাল মজুমদারের ‘দুঃখের কবি’ কবিতা অবলম্বনে  
উদ্ভৃত অংশটির ব্যাখ্যা করো।
- ঙ) ‘অশ্রুকণা’ কাব্যের বিভিন্ন কবিতায় স্বামীর মৃত্যুতে কবি  
হৃদয়ের যে গভীর শোকোচ্ছাস ধ্বনিত হয়েছে বিশদে তার  
পরিচয় দাও।
- চ) অমিয় চক্ৰবৰ্তীর ‘বৃষ্টি’ কবিতায় কবিমনের গভীর দাশনিক  
অনুভূতি কীভাবে প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা করে বুঝিয়ে  
দাও।